গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
মহেশখালী, কক্সবাজার।

## উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশখালী।
সভার তারিখ ঃ ১১/১১/২০২১ খ্রিঃ।
সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট ''ক'' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভার কর্মসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| আলোচনা-০১ (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর) ঃ উপজেলা প্রকৌশলী, মহেশখালী বলেন, উপজেলা পরিষদের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও সংযোগ বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুতপূর্বক উক্ত কার্যক্রম সম্পন্ন করার জন্য মতামত ব্যক্ত করেন।<br><br>তিনি আরো বলেন, অত্র উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের জন্য ফার্নিচার ক্রয় বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুতপূর্বক উক্ত ফার্ণিচার ক্রয় সম্পন্ন করার জন্য সভায় জানান। | উপজেলা পরিষদের জন্য ক্লোজ সার্কিট ক্যামারা ক্রয় ও সংযোগ কাজের ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে পরিশোধের সিদ্ধান্ত হয়।<br><br>উপজেলা পরিষদের ফর্ণিচার ক্রয় বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকৌশলী, মহেশখালী। |
| আলোচনা-০২ (ত্রাণ শাখা) ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন' কর্মকর্তা, মহেশখালী বলেন, ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতে ৪১,৪৬,১১৪.০০০ টাকার বিপরীতে ১৫ টি প্রকল্প ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতে ২৩,৫৬,২৫৫.৯৭ টাকার বিপরীতে ৩২ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>২০২০-২১ অর্থ বছরে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ে ৪০ দিনের জন্য ০৮ টি ইউনিয়নে ৩১৪২ জন উপকারভোগী/শ্রম মজুরী বিপরীতে ২,৫১,৩৬,০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া গেছে। বর্তমানে ইউনিয়ন পর্যায়ে কাজ চলমান রয়েছে। | গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতে ৪১,৪৬,১১৪.০০০ টাকার বিপরীতে ১৫ টি প্রকল্প ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতে ২৩,৫৬,২৫৫.৯৭ টাকার বিপরীতে ৩২ টি প্রকল্প জেলা প্রশাসক, কক্সবাজার বরাবরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।<br>২০২০-২১ অর্থ বছরে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ে ৪০ দিনের ৩১৪২ জন উপকারভোগী/শ্রম মজুরী কাজ সমাপ্ত সাপেক্ষে প্রদানের সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালী। |
| আলোচনা-০৩ ঃ চেয়ারম্যান, হোয়ানক ইউনিয়ন পরিষদ, মহেশখালী তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, হোয়ানক ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, হোয়ানক ইউপি। |
| আলোচনা-০৪ ঃ চেয়ারম্যান, কুতুবজোম ইউনিয়ন পরিষদ, মহেশখালী সভায় অনুপস্থিত থাকায়তাঁর ইউপি'র কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত হয়ে ইউপি'র কার্যাদি সম্পর্কে অবহিত করার জন্য চেয়ারম্যান, কুতুবজোম ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, কুতুবজোম ইউপি। |
| আলোচনা-০৫ ঃ চেয়ারম্যান, ধলঘাটা ইউনিয়ন পরিষদ, মহেশখালী তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, ধলঘাটা ইউপিকে অনুরোধ জানান। | চেয়ারম্যান, ধলঘাটা ইউপি, মহেশখালী। |

| | | |
|---|---|---|
| আলোচনা-০৬ ঃ চেয়ারম্যান, বড় মহেশখালী ইউপি তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, বড় মহেশখালী ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বড় মহেশখালী ইউপি। |
| আলোচনা-০৭ ঃ চেয়ারম্যান, কালারমারছড়া ইউপি তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, কালারমারছড়া ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, কালারমারছড়া ইউপি, মহেশখালী। |
| আলোচনা-০৮ ঃ চেয়ারম্যান, শাপলাপুর ইউপি তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, শাপলাপুর ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, শাপলাপুর ইউপি, মহেশখালী। |
| আলোচনা-০৯ ঃ জনাব আলহাজ্ব মোঃ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী বলেন, ''উপজেলার সার্বিক উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধনের উদ্দেশ্যে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য সব দপ্তর প্রধানের উপস্থিতি আবশ্যক। কিন্তু লক্ষ্যে করা যাচ্ছে যে, অনেক দপ্তর প্রধান পূর্বানুমতি ব্যতিরেকে সভায় অনুপস্থিত থাকেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরে সম্পর্কিত অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা সম্ভব হয় না। এতে সভার মূল লক্ষ্যে ও উদ্দেশ্য ব্যাহত হয়।'' এজন্য তিনি সকল দপ্তর প্রধানগণকে নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। অন্যথায় অনুপস্থিত সদস্যদের অনুপস্থিতির বিষয়ে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>খ) অনুপস্থিত সদস্যদের বিষয়ে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।<br>০২। সংশ্লিষ্ট সকল। |

১১।১১।২১

(মোহাম্মদ শরীফ বাদশা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
মহেশখালী, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৪৯.০০০.০৭.০১.২০১৮-৫৪৫ তারিখঃ ১১/১১/২০২১ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য-
০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০২ (মহেশখালী-কুতুবদিয়া)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্ল উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/পাউবো, কক্সবাজার।
০৬। উপজেলা.................................................... কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার।
০৭। জনাব.........................................................................................
০৮। অফিস নথি।

(মোঃ মাহফুজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মহেশখালী, কক্সবাজার।

২২।১২।২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত [illegible] আলোচনা পরিষদের সদস্যদের সভায় উপস্থিতির স্বাক্ষর:

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | মোঃ আব্দুল হাই OC | 01320-108627 | [signature] |
| ৩। | [illegible] | 01818020417 | [signature] |
| ৪। | আবাসিক [illegible] UFPO | 01816-574950 | [signature] |
| ৫। | [illegible] | 01918636775 | [signature] |
| ৬। | [illegible] C.coop, [illegible] | 01718-011194 | [signature] |
| ৭। | শ্রী [illegible] [illegible] | 01719-015512 | [signature] |
| ৮। | কামরুল হাসান চেয়ারম্যান, [illegible] | 01816352046 | [signature] |
| ৯। | [illegible] চেয়ারম্যান, [illegible] | 01776080000 | [signature] |
| ১০। | [illegible] | 01823-911991 | [signature] |
| ১১। | [illegible] | 01813-150 [illegible] | [signature] |
| ১২। | [illegible] | 01820071969 | [signature] |
| ১৩। | [illegible] | 01814-990050<br>01814-031261 | [signature] |
| ১৪। | [illegible]<br>রফিক উদ্দিন, [illegible] | 01715-111641<br>01821156334 | [signature] |
| ১৫। | মো. গোলাম মামুদ চৌধুরী [illegible] | 01819-639375 | [signature] |
| ১৬। | মোঃ [illegible] | 01833807476 | [signature] |
| ১৭। | প্রদীপ কুমার দে, [illegible]<br>[illegible] কার্যালয় | 01718446424 | [signature] |